

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪৯. কারোর পক্ষ থেকে কিছু না পেয়েও পেয়েছি বলে দাবি করা

আসমা' (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: জনৈকা মহিলা রাসূল (সা.) কে জিজ্ঞাসা করছিলো: হে আল্লাহ্'র রাসূল! আমার এক সতীন আছে। আমার কি কোন গুনাহ্ হবে ? আমি যদি তাকে বলি: আমার স্বামী আমাকে অমুক জিনিস দিয়েছে; অথচ সে তা দেয়নি। তখন রাসূল (সা.) বলেন:

الْتُشَبِّعْ بِمَا لَمْ يُعْطَ كَلاَبِسِ ثَوْبَيْ زُوْرٍ

''যা দেয়া হয়নি এমন জিনিস পেয়েছে বলে দাবিকারী মিথ্যার দু'টি কাপড় পরিধানকারীর ন্যায়''।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৫২১৯)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11499

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন